# ঈদের আগেই ইমাম-খতিবদের সম্মানি পৌঁছে দেবে সরকার



মাহদী আমিন। ছবি: সংগৃহীত

ঈদের আগেই ইমাম, মুয়াজ্জিন ও খতিবদের সম্মানি পরিশোধের উদ্যোগ নিয়েছে সরকার। প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন জানিয়েছেন, নতুন করে কার্যালয়ে দায়িত্ব পালনের প্রথম দিনেই এ বিষয়ে আলোচনা হয়েছে।

শনিবার বিকেল সাড়ে ৩টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত ব্রিফিংয়ে তিনি বলেন, দায়িত্ব গ্রহণের দিন প্রধানমন্ত্রী তারেক রহমান দপ্তরে এসে বৃক্ষরোপণ ও কর্মকর্তাদের সঙ্গে সৌজন্য বিনিময় করেন। এরপর নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের অগ্রগতি নিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে প্রাথমিক বৈঠক করেন। বেকারত্ব নিরসনসহ গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতিগুলো কীভাবে দ্রুত বাস্তবায়ন করা যায়, সে বিষয়ে মতামত নেওয়া হয়।

মাহদী আমিন জানান, নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী ইমাম, খতিব, মুয়াজ্জিন ও অন্যান্য ধর্মীয় নেতাদের মাসিক সম্মানি ও উৎসব ভাতা চালুর সিদ্ধান্ত রয়েছে। আসন্ন ঈদুল ফিতরের আগেই প্রাথমিকভাবে এই কার্যক্রম শুরু হবে এবং পরে ধাপে ধাপে সারাদেশে সম্প্রসারিত করা হবে।

কর্মসংস্থান প্রসঙ্গে তিনি বলেন, দক্ষ জনশক্তি তৈরি, সরকারি-বেসরকারি চাকরির সুযোগ বৃদ্ধি এবং বিদেশে জনশক্তি রফতানির সম্ভাবনা বাড়ানো নিয়েও আলোচনা হয়েছে। সংশ্লিষ্ট সচিব ও মন্ত্রীরা এ বিষয়ে মতামত দিয়েছেন। দ্রুত সময়ের মধ্যেই জনগণের কাছে দেওয়া প্রতিশ্রুতিগুলো বাস্তবায়নের আশ্বাসও দেন তিনি।